



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

NOTICE_MASTRES_PROFESSIONAL_2015(DEC)

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৭/৩৭৬২

তারিখ : ২০ ফেব্রুয়ারি ২০১৭

২০১৭ সালের স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সের বিএড/বিএমএড/বিএসএড/বিপিএড/এমএড/এমএসএড/এমপিএড/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/এলএলবি শেষ বর্ষের অনলাইন ভর্তি কার্যক্রমের মেধা তালিকা প্রকাশ ও কলেজ কর্তৃক চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৭ সালের স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সের বিএড/বিএমএড/বিএসএড/বিপিএড/এমএড/এমএসএড/এমপিএড/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/এলএলবি শেষ বর্ষের অনলাইন ভর্তি কার্যক্রমের মেধা তালিকা ২২ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ প্রকাশ করা হবে। উক্ত ফলাফল SMS (nu<space>atpm<space>roll no টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে একইদিন বিকাল ৪টা থেকে এবং ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) রাত ৯টা থেকে পাওয়া যাবে। এ ভর্তি কার্যক্রমের ক্লাস ০৫ মার্চ ২০১৭ তারিখ থেকে শুরু হবে।

২০১৭ সালের স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সের বিএড/বিএমএড/বিএসএড/বিপিএড/এমএড/এমএসএড/এমপিএড/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স/এলএলবি শেষ বর্ষের ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	মেধা তালিকা প্রকাশ	২২/০২/২০১৭
২।	মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করার তারিখ মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের ভর্তির আবেদন ফরম পূরণের জন্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইটে (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) Masters Tab Select করে Masters Professional Applicant's Login অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর রোল ও পিন নম্বর সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।	২২/০২/২০১৭ থেকে ০২/০৩/২০১৭
৩।	প্রার্থীদের পূরণকৃত চূড়ান্ত ভর্তি ফরম প্রিন্ট করে রেজিস্ট্রেশন ফিসহ (ভর্তি নির্দেশিকার ৯ নং অনুচ্ছেদ অনুযায়ী) সংশ্লিষ্ট কলেজে জমা দেয়ার তারিখ	২৩/০২/২০১৭ থেকে ০৪/০৩/২০১৭
৪।	কলেজ কর্তৃক মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের ভর্তি নিশ্চয়নের তারিখ	২৩/০২/২০১৭ থেকে ০৫/০৩/২০১৭
৫।	কলেজ কর্তৃক মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের রেজিস্ট্রেশন ফি সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ কলেজ কর্তৃপক্ষকে রেজিস্ট্রেশন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ [ভর্তি নির্দেশিকার ৯ নং অনুচ্ছেদ অনুযায়ী] সোনালী সেবার মাধ্যমে যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login এর মাধ্যমে Admission Payment Info (Master's Prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে। Pay Slip এ ২০১৭ সালের ভর্তি নির্দেশিকার ৯ নং অনুচ্ছেদ অনুযায়ী "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর- 0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।	০৬/০৩/২০১৭ থেকে ১২/০৩/২০১৭

দৃষ্টি আকর্ষণ

কলেজ কর্তৃপক্ষকে ২০১৭ সালের স্নাতকোত্তর (প্রফেশনাল) কোর্সের বিএড/বিপিএড/বিএমএড/বিএসএড/এমএড/এমএসএড/এলএলবি শেষ বর্ষ ভর্তি কার্যক্রমে মেধা তালিকায় স্থান প্রাপ্ত প্রার্থীদের ভর্তি ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি (প্রার্থীদের সনদপত্র ও নম্বরপত্র অনুযায়ী) যাচাই করে চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে হবে। কোন প্রার্থীর ভর্তি ফরমে প্রদর্শিত তথ্য ও ছবিতে অসংগতি বা গড়মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট কলেজকে প্রার্থীর ভর্তি নিশ্চয়ন না করে অনতিবিলম্বে বিষয়টি লিখিতভাবে উীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র বরাবর জানাতে হবে।

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)

উীন, স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
সদস্য সচিব, মাস্টার্স ও প্রফেশনাল কোর্সসমূহে ভর্তি পরিচালনা কমিটি
ফোন : ৯২৯১০৭৪, কল সেন্টার: ০৯৬১৪-০১৬৪২৯
ই-মেইল- pgdeanoffice@gmail.com

স্মারক নং- ১৬(৭৬৯)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/প্রফেশনাল ভর্তি/২০১৭/৩৭৬২

তারিখ : ২০ ফেব্রুয়ারি ২০১৭

অনুলিপি:

- ১। পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৩। পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয় (কল সেন্টার, ইলেকট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
- ৪। সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৬। সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৭। সহকারী রেজিস্ট্রার, প্রো-ভিসি (একাডেমিক) দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- ৮। অফিস কপি

উপ-রেজিস্ট্রার (মাস্টার্স প্রফেশনাল)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪